

প্রেস রিলিজ
ঢাকা, ১৪ ডিসেম্বর, ২০২১

“সুদমুক্ত ক্ষুদ্রখণ্ড জাগরণী সপ্তাহ ১৪-২১ ডিসেম্বর ২০২১” উদযাপন এর শুভ উদ্বোধন

১৪ ডিসেম্বর ২০২১ সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তর আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে ১৯৭৪ সালে বঙ্গবন্ধু প্রবর্তিত “সুদমুক্ত ক্ষুদ্রখণ্ড জাগরণী সপ্তাহ ১৪-২১ ডিসেম্বর ২০২১” শুভ উদ্বোধনী অনুষ্ঠিত হয়েছে।

০২. আগারগাঁওস্থ সমাজসেবা অধিদপ্তর মিলনায়তনে জুম প্ল্যাটফর্মে এই জাগরণী সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান আহমেদ এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশরাফ আলী খান খসরু এমপি। অনুষ্ঠানে সভাপতিত করেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মাহফুজা আখতার। অনুষ্ঠানটি সমাজসেবা অধিদপ্তরের ফেসবুক পেজ (Department of Social Services) এ লাইভ সম্প্রচার হয়।

০৩. বিকাল ৪:০০ টায় অতিথিবন্দ ভার্চুয়াল প্ল্যাটফর্মে সংযুক্ত হওয়ার মধ্যদিয়ে উদ্বোধনী অনুষ্ঠানের কার্যক্রম শুরু হৈয়। সভায় স্বাগত বক্তব্য রাখেন সমাজসেবা অধিদপ্তরের সম্মানিত মহাপরিচালক (গ্রেড-১) শেখ রফিকুল ইসলাম। সভাপতির বক্তব্য রাখেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব মাহফুজা আখতার।

০৪. বিশেষ অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা মোঃ আশরাফ আলী খান খসরু এমপি বলেন, ‘১৯৭৪ সালে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিব এই সুদমুক্ত ক্ষুদ্রখণ্ডের উদ্বোধনের মাধ্যমে এর সূচনা করেছিলেন। তাঁর লক্ষ্য ছিল এদেশের দরিদ্র ও শ্রমিক মানুষকে সমবায়ের মাধ্যমে সুদমুক্ত খণ্ড দিয়ে স্বাবলম্বী করে গড়ে তোলা।’ তিনি আরও বলেন, ‘আজকে আমরা যে মধ্যম আয়ের দেশে পরিগত হয়েছি, আমাদের অর্থনৈতিক মুক্তি, দেশের মানুষকে স্বাবলম্বী করে গড়ে তোলা-মাননীয় প্রধানমন্ত্রী যে পদক্ষেপ নিয়েছেন তা জাতির রেখে যাওয়া স্বপ্নই বাস্তবায়িত হচ্ছে।’

০৫. প্রধান অতিথির বক্তব্যে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান আহমেদ এমপি বলেন, ‘বঙ্গবন্ধুর আদর্শকে সমুন্নত রাখার সুমহান লক্ষ্য নিয়ে জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা ১৯৯৬ সালে প্রথমবারের মত সরকার গঠন করেন। বঙ্গবন্ধু যে স্বপ্ন দেখেছিলেন সে স্বপ্ন বাস্তবায়নে তিনি যে অঙ্গীকার মানুষের সামনে করেছিলেন তা তিনি বাস্তবায়ন করে যাচ্ছেন।’ তিনি সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে বঙ্গবন্ধুর আদর্শে উজ্জীবিত হয়ে বঙ্গবন্ধু যে স্বপ্ন দেখেছিলেন তা মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বাস্তবায়নে এগিয়ে আসার উদাত্ত আহবান জানান এবং অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন।

০৬. অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন সমাজসেবা অধিদপ্তরের পরিচালক (কার্যক্রম) জনাব মোঃ জুলফিকার হায়দার। সমাজসেবা অধিদপ্তরের সদর কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী অধিদপ্তরের মিলনায়তনে ও বিভাগীয় কার্যালয় ও জেলা কার্যালয়ের কর্মকর্তাগণ জুম প্ল্যাটফর্মে সংযুক্ত থেকে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

মোহাম্মদ রেজাউর রহমান

উপপরিচালক

গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও গণসংযোগ

সমাজসেবা অধিদপ্তর

ই-মেইলঃ info@dss.gov.bd

বার্তা সম্পাদক/এস্যাইনমেন্ট এডিটর/চীফ রিপোর্টার

.....
.....